গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
উপায় ও উপকরণ-২ শাখা

নং-অম/অবি/বাউ(উঃউঃ-২)/১৯৪-ঋণ ও অগ্রিম(৫০)/৯৬/৭৭৫ তারিখ: ১৫-০৬-১৪০৩ বাং / ৩০-০৯-১৯৯৬ খ্রিঃ

**বিষয়: সরকারি কর্মকর্তা/ কর্মচারীগণের গৃহ নির্মাণ/মোটরগাড়ী/মোটরসাইকেল ও অন্যান্য পরিবহন/ বাই-সাইকেল অগ্রিম ঋণ সংক্রান্ত।**

নির্দেশিত হয়ে অর্থ বিভাগের ২০-১০-৯০ইং তারিখে জারিকৃত অম/ অবি/ বাউ (উঃউঃ-২)/ বিবিধ (৭)/৯০/৭৩৪ স্মারকের আংশিক সংশোধন ও অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, গৃহ নির্মাণ, মোটারগাড়ী, মোটর সাইকেল ও অন্যান্য পরিবহণ/ বাই-সাইকেল অগ্রিম ঋণ প্রদানের পরিমাণ/ সীমা সরকার নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করলোঃ-

ক) গৃহ নির্মাণ অগ্রিম ২৪ মাসের মূল বেতনের সমান সর্বোচ্চ ৮০,০০০/- (আশি হাজার) টাকার স্থলে ৩৬ মাসের মূল বেতনের সমান সর্বোচ্চ ১.২০ লক্ষ (একলক্ষ বিশ হাজার) টাকা এবং গৃহ মেরামত বাবদ ১২ মাসের মূল বেতনের সমান সর্বোচ্চ ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকার স্থলে ১৮ মাসের মূল বেতনের সমান/ সর্বোচ্চ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা অগ্রিম ঋণ হিসাবে নির্ধারণ করা হল। গৃহ নির্মাণ ঋণ সর্বোচ্চ ১২০ মাসিক কিস্তি এবং গৃহ মেরামত সর্বোচ্চ ৬০ (ষাট) মাসিক কিস্তিতে আদায়যোগ্য।

খ) মোটর গাড়ী অগ্রিম ঋণের ক্ষেত্রে ১২ মাসের মূল বেতনের সমান সর্বোচ্চ ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকার স্থলে **১২** মাসের মূল বেতনের সমান/ সর্বোচ্চ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা অগ্রিম ঋণ হিসাবে নির্ধারণ করা হল। সর্বাধিক মাসিক কিস্তি ৬০ (ষাট) মাসিক কিস্তিতে উক্ত অগ্রীম ঋণ আদায়যোগ্য। যে সকল কর্মকর্তা/ কর্মচারীর মূল বেতন ৬,০০০/- (ছয় হাজার) টাকা বা তদূর্ধ্ব কেবলমাত্র তারাই এ ঋণ পাওয়ার যোগ্য।

গ) মোটর সাইকেল অগ্রিম ঋণ ১২,০০০/- (বার হাজার) টাকার স্থলে ২৫,০০০/- (পচিশ হাজার) টাকা নির্ধারণ করা হল। এ ঋণ সর্বাধিক মাসিক কিস্তি ৪৮ মাসিক কিস্তিতে আদায়যোগ্য। যে সকল কর্মকর্তা/ কর্মচারীর মূল বেতন ২,০০০/- (দুই হাজার) টাকা বা তদূর্ধ্ব কেবলমাত্র তারাই এ ঋণ পাওয়ার যোগ্য।

ঘ) বাই- সাইকেল অগ্রিম ঋণ ১,২০০/- (বার শত) টাকার স্থলে ৩,০০০/- (তিন হাজার) টাকা নির্ধারণ করা হল। এ ঋণ সর্বাধিক মাসিক কিস্তি ৩০ (ত্রিশ) মাসিক কিস্তিতে আদায়যোগ্য।

ঙ) পুনঃনির্ধারিত ঋণ ও অগ্রীমের পরিমাণ/ সীমা এবং সুদের হার ১লা জুলাই, ১৯৯৬ ইং তারিখ হতে কার্যকর হবে। তবে, ১৯৯৬-৯৭ সালের আগে যারা অগ্রিম ঋণ গ্রহণ করেছেন তাদের ক্ষেত্রে অগ্রিম ঋণের সময়সীমা প্রযোজ্য হবে না।

চ) ১৯৯৬-৯৭ অর্থ বছর হতে যারা অগ্রিম ঋণ গ্রহণ করবেন তাদের সবার ক্ষেত্রে নয়া সুদের হার কার্যকর হবে। ১৯৯৬-৯৭ সালের পূর্বে গৃহীত ঋণ ও অগ্রিমের ক্ষেত্রে ০১-০৭-১৯৯৬ ইং তারিখে কিংবা পরবর্তীতে প্রদেয় সুদের ক্ষেত্রে নয়া হার প্রযোজ্য হবে। তবে, উক্ত তারিখের পূর্বে প্রদেয় কিন্তু অপ্রদত্ত সুদের ক্ষেত্রে নয়া হার প্রযোজ্য হবে না।

ছ) আলোচ্য অগ্রিম ঋণসমূহের ক্ষেত্রে অর্থ বিভাগ কর্তৃক ২০-১০-৯০ ইং তারিখের জারিকৃত স্মারকের বিদ্যমান অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

উপরোক্ত সকল অগ্রিম ঋণের ক্ষেত্রে বার্ষিক ১০% হারে সুদ প্রযোজ্য হবে। কিস্তি অনুযায়ী অগ্রিম ঋণ পরিশোধে ব্যর্থ হলে ১১% চক্রবৃদ্ধি হারে দন্ড সুদ আদায়যোগ্য।

একে এম আজিজুল হক
সিনিয়র সহকারী সচিব